সমকাল

তারিখ 19 SEP 2017 ... ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ১ ... ......

# ন্যাশনাল মেডিকেল কলেজ সরকারির নির্দেশনা চেয়ে রিট

■ সমকাল প্রতিবেদক

রাজধানীর ঢাকা ন্যাশনাল মেডিকেল কলেজকে সরকারি করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা চেয়ে হাইকোর্টে একটি রিট করা হয়েছে। গতকাল সোমবার সুপ্রিম কোর্টের আইনজীবী ইউনুছ আলী আকন্দ হাইকোর্টের সংশ্লিষ্ট শাখায় এ রিটটি দায়ের করেন।

কার্যতালিকা অনুসারে আজ মঙ্গলবার বিচারপতি এসএম এমদাদুল হক ও বিচারপতি ভীষ্মদেব চক্রবর্তীর সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চে রিটের শুনানি হতে পারে।

রিটে স্বাস্থ্য সচিব, স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক, ঢাকা ন্যাশনাল মেডিকেল কলেজের অধ্যক্ষ, কলেজের পরিচালনা পর্ষদের (অ্যাডহক) চেয়ারম্যান, ঢাকা ন্যাশনাল মেডিকেল ইনস্টিটিউশন ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যকে বিবাদী করা হয়েছে।

রিট প্রসঙ্গে ইউনুছ আলী আকন্দ বলেন, প্রত্যেক মেডিকেল কলেজের একটি হাসপাতাল থাকতে হয়।

অথচ এখানে সরকারি হাসপাতাল থাকলেও কলেজটি বেসরকারি ব্যবস্থাপনায় পরিচালিত হচ্ছে।

ফলে কলেজের নামে বেসরকারিভাবে ছাত্র ভর্তি করে লাখ লাখ টাকা নেওয়া হচ্ছে। তাই ১৯২৬ সালের প্রতিষ্ঠিত এ ইনস্টিটিউটকে কলেজসহ সরকারি করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে রিটটি করা হয়েছে।